# ইসলামপুর উপজেলা পরিষদের মার্চ ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব এস, এম, জামাল আব্দুন নাছের<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর। |
| সভার তারিখ ও সময় | ঃ ০৮ মার্চ, ২০২২ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ হলরুম |
| উপস্থিতি | ঃ সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো। |

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত মাননীয় ধর্মপ্রতিমন্ত্রী, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় এবং কোন সংযোজন বা বিয়োজনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

২। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ

| | | |
|---|---|---|
| **স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড১৯ টিকা কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। উপজেলায় ৭০.৫৩% ১ম ডোজ টিকাদান সম্পন্ন হয়েছে। নতুন ৮ জন ডাক্তার যোগদান করেছেন। মাতৃ মৃত্যুর হার কমানোর জন্য ইসলামপুর হাসপাতালে সর্বাক্ষণিকভাবে নরমাল ডেলিভারী ব্যবস্থা রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। ৫৩ টি কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, হাসপাতালের চত্বরে দালালের উৎপাত বৃদ্ধি পেয়েছে তা জরুরী ভিত্তিতে বন্ধ করা প্রয়োজন। জরুরী পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ জানান এবং প্রয়োজনে মোবাইল পরিচালনার সহায়তা গ্রহণ করতে বলেন। | টিকা কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয় এবং ইসলামপুর হাসপাতালের চত্বরে দালালের মুক্ত করার জন্য জরুরী পদক্ষেপ গ্রহণ প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| **প্রকৌশল বিভাগ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হলরুমটি রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করার জন্য জরুরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। অডিটরিয়ামটি ভাড়া প্রদানের বিষয়ে সভায় মতামত প্রদানের জন্য আহ্বান করা হয়। এ বিষয়ে জনাব মোঃ ফরিদুল হক খান, এম,পি, মাননীয় প্রতিমন্ত্রী, ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানান ২(দুই) ঘন্টার জন্য অডিটরিয়ামটি ৪০০০/- (চার হাজার) টাকা এবং ২(দুই) ঘন্টার অধিক ৬ (ছয়) পর্যন্ত ৮০০০/- (আট হাজার) টাকা ভাড়া নির্ধারণ করার জন্য সভায় সুপারিশ করা হয়। সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন খাতে উপজেলার বিভিন্ন রাস্তা ও গুরুত্বপুর্ণস্থানে সোলার স্ট্রীট লাইট স্থাপন ও ইসলামপুর হাসপাতালের জন্য একটি ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ করার জন্য প্রকল্প গ্রহণ করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি ২(দুই) অনুমোদিত হলে দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে জনাব মোঃ ফরিদুল হক খান, এম,পি, মাননীয় প্রতিমন্ত্রী, ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানান সোলার স্ট্রীট লাইটের খরচের পরিমাণ কিছুটা কমিয়ে অরজিনাল উন্নতমানের ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ করতে হবে। | ১। উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়ামটি ২(দুই) ঘন্টার জন্য ৪০০০/- (চার হাজার) টাকা এবং ২(দুই) ঘন্টার অধিক ৬(ছয়) ঘন্টা পর্যন্ত ৮০০০/- (আট হাজার) টাকা ভাড়া সর্বসম্মতিক্রমে নির্ধারিত হয়।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে অবকাঠামো উন্নয়ন খাতে সোলার স্ট্রীট লাইট স্থাপন ও অরজিনাল উন্নতমানে ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশিষ্ট সকল |



CamScanner

| | | |
|---|---|---|
| **কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বর্তমানে বোরো মৌসুম চলছে। স্যারের পর্যাপ্ত বরাদ্দ পাওয়া গেছে। কিন্তু সার কারখানার সমস্যার জন্য ডিলাররা সম্পূর্ণ সার উত্তোলন করতে পারছেনা। সরকার কৃষি বিভাগের মাধ্যমে কৃষি যন্ত্রপাতি মোট মূল্যের উপর ৫০% ভর্তুকি দিয়ে কৃষকদের মাঝে বিতরণ করবে। এ লক্ষ্যে আগ্রহী কৃষকদেরকে উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **প্রাণি সম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণি সম্পদ অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, গত ৬/০৩/২০২২ খ্রিঃ তারিখে পলবান্ধা ইউনিয়নের চরবাটিকামারী গ্রামে একজন খামারী ১৫ টি গরু অগ্নিকাণ্ডে পুড়ে আহত ও ১টি গরু নিহত হয়েছে। আহত গরু চিকিৎসা চলছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **মৎস্য বিভাগ**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের প্রতিনিধি ৩ মাসে ১৮ জন মৎস্যচাষীকে পাবদা চাষের বিষয় প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ মাসের অর্জন, ক) স্থায়ী পদ্ধতি (মহিলা) = ০৭ জন, পুরুষ ০০ জন, খ) আই ইউডি = ৩১ জন, গ) ইমপ্লান্ট = ৫৭ জন, ঘ) ইসিপি ২৪ জন, ঙ) কন্ডম ২৯৩১৭ পিচ, চ) আপন (বড়ি) ৩৮৯ জন চক্র, ছ) খাবার বড়ি (সুখী) ১৭৬০২ চক্র, জ) ইনজেকশন ১৪৪৭ ভায়াল, মিসোপ্রোস্টল ৪৫৩। সর্বমোট গর্ভবতীর সংখ্যা ২২২৩ জন, নতুন গর্ভবতীর সংখ্যা ৩০১ জন এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে স্থান নির্বাচন কমিটি কর্তৃক স্থান নির্ধারণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>ইসলামপুর,জামালপুর। |
| **দুর্যোগ ও ত্রাণ বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ে কাবিখা/কাবিটা মোট ৯৭ টি থেকে ৯৬ টি প্রকল্প এবং টি.আর এর মোট ১৪২ টি প্রকল্প ১০০% সমাপ্ত হয়েছে। এছাড়া ২য় পর্যায়ে টি.আর এর মোট ২২৩ টি প্রকল্পের কাজ চলমান আছে। এইচবিবি ২০০০ মি. প্রকল্পের কাজ চলমান আছে। ৭ টি সেতু/কালভার্ট এর কাজ শুরু হবে। ১ টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান আছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ৬০ টি প্রকল্পের কাজ চলমান আছে। ইজিপিপি প্রকল্পের আওতায় ৪০ দিনের কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সঠিক নিয়মে যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও ইজিপিপি প্রকল্পের আওতায় ৪০ দিনের কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সঠিক নিয়মে যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>চেয়ারম্যান (সকল)<br>ইউনিয়ন পরিষদ |
| **সমাজ সেবা বিভাগ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, অসচ্ছল মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের নিমিত্ত ৪২ জনের নাম যাচাই-বাছাইপূর্বক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধী ভাতাভোগী যারা পূর্বে ভাতা পরিশোধ বইয়ের মাধ্যমে টাকা পেয়েছেন। কিন্তু যথাসময়ে MIS এবং নগদ হিসাব না খোলার কারণে পরবর্তীতে G2P পদ্ধতিতে "নগদ" এর মাধ্যমে ভাতা প্রদান করা হলে তাদের নাম বাদ পড়ে যায়। যেহেতু বয়স্ক ও বিধবা ভাতার জন্য নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি সেহেতু মৃত ব্যক্তির পরিবর্তে অগ্রাধিকার ভিত্তিতে প্রতিস্থাপন করা প্রয়োজন। তাছাড়া যে সকল ইউনিয়নে মৃত ব্যক্তির তথ্য পাওয়া যায়নি সেসকল ইউনিয়নসমূহে অত্র কার্যালয়ের মাধ্যমেও তথ্য সংগ্রহ করা প্রয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |

| | | |
|---|---|---|
| ...গ<br>...শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ২ মার্চ, ২০২২ তারিখ থেকে ...রোনমে স্কুলের কার্যক্রম চালু হয়েছে। এ বিষয়ে জনাব মোঃ ফরিদুল হক খান, এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী, ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানান, জে. জে.কে এম হাইস্কুল এর জায়গা সংকুলান না হওয়ায় জে. জে.কে এম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জায়গাটি জে. জে.কে এম হাইস্কুল এর নামে এবং জে. জে.কে এম হাইস্কুল নামে মেইন রোর্ডে পার্শ্বের জমি জে.কে এম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নামে দেওয়া বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে উভয় শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি সাথে আলোচনা সাপেক্ষে জে. জে.কে এম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জায়গাটি জে. জে.কে এম হাইস্কুল নামে এবং জে. জে.কে এম হাইস্কুল নামে মেইন রোর্ডে পার্শ্বের জমি জে. কে এম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নামে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ২২ তারিখ থেকে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে। শিক্ষা কার্যক্রম চালু আছে। ইসলামপুর উপজেলা ২০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের বরাদ্দ পাওয়া গিয়েছে। গত ১৫ তারিখে ১২ বছরের উর্ধ্বে সকল শিক্ষার্থীদের টিকা প্রদান সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর।<br>ও সংশ্লিষ্ট সকল |
| <u>মহিলা বিষয়ক বিভাগ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর" আওতায় উপকারভোগীদের মাঝে সোনালী ব্যাংক, ইসলামপুর শাখা, জামালপুর এর মাধ্যমে বিতরণ হচ্ছে। ইতোমধ্যে অত্র উপজলোর ১২ টি ইউনিয়নের মধ্যে ০৯(নয়) টি ইউনিয়নের (কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, নোয়ারপাড়া, সাপধরী, নোয়ারপাড়া,ইসলামপুর, পাথর্শী, গাইবান্ধা ও চরপুটিমারী) ভাতাভোগীদের মধ্যে বিতরণ কার্য সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৩ (তিন) টি ইউনিয়নের (পলবান্ধা, গোয়ালেরচর ও চরগোয়ালিনী) ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ কার্য সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৩(তিন) টি ইউনিয়নের (পলবান্ধা, গোয়ালেরচর, ও চরগোয়ালিনী) ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ চলমান রয়েছে। মহিলাদের আয়বর্ধক কর্মসূচি (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ চলছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>ইসলামপুর, জামালপুর |
| <u>যুব ও ক্রীড়া বিভাগ</u><br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, জামালপুর ও শেরপুর ২(দুই) টি জেলার ৪০ জন লোককে মোটর ড্রাইভিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে এবং প্রশিক্ষণ শেষে ড্রাইভিং লাইসেন্স পেতে অত্র দপ্তর সহযোগিতা করবে। ইসলামপুর উপজেলা হতে ৩ (তিন) জন লোক অংশগ্রহণ করতে পারবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u><br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, মার্চ/২০২২ ইসলামপুর উপজেলার চলমান উন্নয়নমূলক কাজের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৫টি ওয়াশব্লক নির্মাণধীন, ০৪ টি ওয়াশব্লক প্রক্রিয়াধীন, ইসলামপুর পৌরসভা পানি সরবরাহ ও স্যানেটেশন প্রকল্পের কাজ চলমান রয়েছে। মুজিব বর্ষের গৃহহীন পরিবারের জন্য ২০টি নলকূপের কাজ সমাপ্ত ও ৩১ টি নলকূপের বোরিং কাজ চলমান, আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের কাজ চলমান এবং Under village water supply project (2nd Revised) প্রকল্পের কাজ চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>ইসলামপুর, জামালপুর। |
| <u>পল্লী উন্নয়ন বিভাগ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত ছিলেন এবং কোন কার্যপত্র প্রেরণ করা হয়নি বিধায় তার বিভাগীয় কার্যক্রমের বিষয় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | আগামী সভার পূর্বেই কার্যপত্র প্রেরণসহ পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| **সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, ইসলামপুর উপজেলার ১১৪ টি প্রাথমিক সমবায় সমিতির মধ্যে ২০২০-২১ অডিট বর্ষে ৮৬ টি সমিতির অডিট সম্পাদন করা হয়েছে। বাকী সমিতিগুলো অডিট সম্পাদন যথাসময়ে শেষ হবে। অডিট সম্পাদনের সময়সীমা ৩১ শে মার্চ/২০২২খ্রিঃ।<br>তিনি আরও জানান সমবায়ীদের নিয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ বছরে লক্ষ্যমাত্রা ০৪ টি। ইতোমধ্যে ৩টি ভ্রাম্যমা প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০১ টি চলতি মাসে শেষ হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **বন ও পরিবেশ অধিদপ্তর**<br>ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, চারা উৎপাদন কার্যক্রম এখনো পর্যন্ত শুরু হয়নি বরাদ্দ পাওয়া সাপেক্ষে চারা উৎপাদন করা হবে।। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বড় সাইজের চার বিতরণের উদ্যোগ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, বন ও পরিবেশ অধিদপ্তর,<br>ইসলামপুর, জামালপুর। |
| **বিদ্যুৎ বিভাগ**<br>ডিজিএম, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, গাইবান্ধা ইউনিয়নের নাপিতেরচর একটি বিদ্যুৎতের সাব স্টেশন স্থাপন করা হবে। এ বিষয়ে জনাব মোঃ ফরিদুল হক খান, এম,পি, মাননীয় প্রতিমন্ত্রী, ধর্মবিষয়ক মন্ত্রণালয় জানান ধর্মকুড়া বাজার ও ইসলামপুর বাজারের রাস্তার উপর বিপদজনকভাবে বিদ্যুৎ এর তার ঝুলে রয়েছে, যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। বাজারের মেইন রোডের বিদ্যুৎ লাইনের তার উচুকরণের ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎকে নিদের্শনা প্রদান করা হয়। | ধর্মকুড়া বাজার ও ইসলামপুর বাজারের রাস্তার উপর ঝুলে থাকা বিদ্যুৎতে তার ঠিক করে জননিরাপত্তা নিশ্চিত করে জরুরী পদক্ষেপ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ<br>ইসলামপুর, জামালপুর। |
| **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, গত ২০-০১-২০২২ তারিখ হতে ইসলামপুর পৌরসভায় ০৪ জন ডিলারের মাধ্যমে ওএমএস কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রতিজন ডিলার দৈনিক ১.০০০ মেঃটন চাল ও ১.০০ মেঃ টন আটা বিক্রি করে। চাল প্রতি কেজি ৩০ টাকা ও আটা প্রতি কেজি ১৮ টাকা মূল্যে বিক্রি করা হচ্ছে।<br>তিনি আরও জানান যে, মার্চ, ২০২২ হতে ১২ টি ইউনিয়নের ৫৩ জন ডিলারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ১০ টাকা কেজি দরে চাল বিক্রির কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>শাখা ব্যবস্থাপক জানান যে, ইসলামপুর উপজেলায় ১২ টি ইউনিয়নে পল্লী সঞ্চয় ব্যাংক এর ৩৮৮ টি সমিতির ১৮৬০৮ জন সদস্য রয়েছে। ফেব্রুয়ারি ২০২২ মাসে ৭,১২,০০০/- টাকা সঞ্চয় জমা হয়, ১,৮৩,২১,০০০/- টাকা ঋণ আদায় হয় ও ২,১৮,২৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয় এবং ১,৬৪,০০০/- টাকা সঞ্চয় উত্তোলন করা হয়, মোট ১,৯০,৩৩,০০০/- মোট জমা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>ইসলামপুর, জামালপুর। |

**৩। ১৭ কমিটি পুনঃগঠনঃ**

| | | |
|---|---|---|
| ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, ১৭ টি স্থায়ী কমিটি সভা সংশ্লিষ্ট কমিটি সদস্য সচিবে অসহযোগিতার জন্য হচ্ছে না। ১৭ টি স্থায়ী কমিটির সদস্যদের নিয়মিতভাবে প্রতি ২(দুই) মাসে একটি করে সভা আহ্বান করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১৭ টি স্থায়ী কমিটির সদস্য সচিব কমিটি সভাপতি সাথে আলোচনা করে সভার তারিখ নির্ধারণ করে সভা আহ্বান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |



CamScanner

[illegible] সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ

| | | |
|---|---|---|
| [illegible] ফরিদুল হক খান, এম,পি, মাননীয় প্রতিমন্ত্রী, ধর্মবিষয়ক মন্ত্রণালয় [illegible] সভায় নিম্নোক্ত সুপারিশসমূহ পেশ করেন।<br>১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ।<br>২। নতুন করে কোথাও যদি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা প্রয়োজন হলে তার প্রস্তাব প্রেরণ করা।<br>৩। মদ-জুয়া ও হাসপাতালের দালালদের উপদ্রুপ বন্ধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।<br>৪। ইসলামপুর উপজেলার যে সকল বালু মহালের প্রস্তাব জেলা প্রশাসকের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক কার্যালয়, জামালপুর হতে ফরওয়ার্ডিং লেটার সংগ্রহ করে এ বিষয়ে পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশনা প্রদান করেন।<br>৫। ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়ামটি জেনারেটর+সাউন্ড সিস্টেম সচল রাখা প্রয়োজন এবং অডিটরিয়ামটি ভাড়া প্রদানের ক্ষেত্রে প্রতি ২(দুই) ঘন্টা ৪০০০/- টাকা এবং ২(দুই) ঘন্টার অধিক হলে ৮০০০/- টাকা ভাড়া প্রদান করা যেতে পারে। এছাড়াও অডিটরিয়ামটি আসবাবপত্র সংরক্ষনের জন্য পলিথিন দিয়ে ডেকে রাখতে হবে।<br>৬। উপজেলা পরিষদের মাষ্টার প্লান তৈরী আগে আমাকে অবগত করতে হবে।<br>৭। কোর্ট ভবনটি উপজেলা পরিষদের সম্পদ তাই সরকারী সম্পদ রক্ষর্থে কোর্ট ভবনের আশে পাশে যেসকল লোক অবস্থান করছে। তাদেরকে পুনর্বাসন করে বাউন্ডারী ওয়াল দিয়ে সরকারী সম্পত্তি রক্ষা করতে হবে।<br>৮। অফিসার্স ক্লাবের জন্য নির্ধারিত কোন স্থান নির্বাচন করা যায় কি না সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।<br>৯। ৪০ দিন প্রকল্পে হতদরিদ্রের সঠিক তালিকা প্রণয়ন করতে হবে।<br>১০। প্রতি মাসে উপজেলা পরিষদ মাসিক সভায় নির্ধারিত সময়ে মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>১১। সাপধরী, নোয়ারপাড়ার সাথে যোগাযোগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হব।<br>১২। ধর্মকুড়া-ইসলামপুর বাজারের রাস্তার উপর ঝুলে থাকা ঝুকিপূর্ণ তারগুলি ঝড়-বৃষ্টির আগেই ঠিক করতে হবে।<br>১৩। বাজারে নিম্নমানের তার ও ইলেক্ট্রিক মালামালের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে এবং জনসচেতনতা তৈরীর জন্য মাইকিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১৪। ইসলামপুর থানা মোড়ের যানজট নিরসনের জন্য গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করে মোড়টি যানজট মুক্ত করার নির্দেশনা প্রদান করেন। | সর্বসম্মতিক্রমে সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০১/০২/২০২২ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ৩৯,৯৮,৬৩৬/২০ (উনচল্লিশ লক্ষ আটানব্বই হাজার ছয়শত ছত্রিশ টাকা বিশ পয়সা) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৫৭,৫৭,৯৬৩/- (সাতান্ন লক্ষ সাতান্ন হাজার নয়শত তেষট্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিন্মোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয়সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |

| ক্রঃ নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের ফেব্রুয়ারি/ ২০২২ মাসের সম্মানিভাতা প্রদান | ৯৪০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর ফেব্রুয়ারি/২০২১ মাসের বেতন | ২১৯০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদ আনুষাঙ্গিক ব্যয় বাবদ | ৫০০০.০০ |

৮। বিবিধ ঃ

| | | |
|---|---|---|
| ক) জনাব মোঃ ফরিদুল হক খান, এম,পি, মাননীয় প্রতিমন্ত্রী, ধর্মবিষয়ক মন্ত্রণালয় মহোদয় সভায় জানান যে, ইসলামপুর উপজেলা প্রত্যন্ত অঞ্চলের সুচিকিৎসা নিশ্চিতের জন্য এবং গুরুতর ও মুমূর্ষু রোগীদের জরুরী ভিত্তিতে জেলা হাসপাতালসহ অন্যান্য হাসপাতালের দ্রুত প্রেরণের জন্য একটি ICU Ambulance অত্যন্ত প্রয়োজন। উক্ত ICU Ambulance উপজেলা পরিষদে প্রদানের জন্য জেলা পরিষদ, জামালপুরকে অনুরোধ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আলোচনান্তে ICU Ambulance উপজেলা পরিষদে প্রদানের জন্য জেলা পরিষদ, জামালপুর বরাবর পত্র যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| খ) চেয়ারম্যান, বেলগাছা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, চরমন্নিয়া, মন্নিয়া, বরুল ও জিগাতলা এলাকা পল্লী বিদ্যুতের আওতায় প্রায় ২০ হাজার গ্রাহক আছে। উক্ত এলাকার জনগণের সুবিধার্থে বরুল এলাকায় একটি বিদ্যুতে সাব অফিস স্থাপনসহ বিদ্যুৎ বিল প্রদানের সুযোগ সৃষ্টি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে চরমন্নিয়া, মন্নিয়া, বরুল ও জিগাতলা এলাকার জনগণের সুবিধার্থে বরুল এলাকায় একটি বিদ্যুতে সাব অফিস স্থাপন জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৪২৯ বাংলা সালের ইসলামপুর উপজেলার ২৪ হাট-বাজারের মধ্যে ১ম পর্যায়ে ১২ টি হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশ করেছেন। কমিটির সুপারিশের প্রেক্ষিতে ১ম পর্যায়ে ১২ টি হাট-বাজার প্রদান করা যেতে পারে। অবশিষ্ট হাট-বাজারসমূহ ২য় পর্যায়ে দরপত্র আহ্বান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে ২৪ হাট-বাজারের মধ্যে ১ম পর্যায়ে ১২ টি হাট-বাজার ইজারা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর। |
| ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা পরিষদের সি.এ এর অফিস রুম মেরামত ও রং এর কাজ করা প্রয়োজন। এ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাসাবাড়ী মেরামত খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর। ও সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস. এম. জামাল আব্দুন নাছের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.২০- ১১

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৮ / ০৮ মার্চ, ২০২২

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৭। উপজেলা ..........................................অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
৯। চেয়ারম্যান,................................ (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
১০। অফিস কপি।

8/3/2022
(মুঃ তানভীর হাসান রুমান)
উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।



CamScanner